গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moha.gov.bd

তারিখ : ০৬ মাঘ ১৪৩২ / ২০ জানুয়ারি ২০২৬

নং: ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০০২.২৬- ৫৭

প্রজ্ঞাপন

যেহেতু আপনি জনাব রুমন চন্দ্র দেবনাথ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (বর্তমানে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতিপ্রাপ্ত এবং সাময়িক বরখাস্ত), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র এ পদায়ন করায় কর্মরত ছিলেন। নিয়োগের মেয়াদ শেষ হওয়ায় গত ০৩-০৯-২০২৪ তারিখ অপরাহ্নে আপনাকে যুক্তরাষ্ট্র হতে অবমুক্ত করা সত্ত্বেও অদ্যাবধি সাবেক সুরক্ষা সেবা বিভাগ, বর্তমান কর্মস্থল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' অভিযোগে একই বিধিমালা বিধি ৪(৩) (ঘ) অনুযায়ী আপনাকে চাকরি হতে 'সাময়িক বরখাস্ত' করে বিভাগীয় ৪/২০২৫ নম্বর মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে জারী করা হয়;

যেহেতু আপনার বিরুদ্ধে জারীকৃত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানী চাননি বিধায় আপনার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'ও 'পলায়ন' সংক্রান্ত অপরাধ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগদ্বয় প্রমানিত হওয়ায় আপনাকে কেন গুরুদন্ড প্রদান (চাকরি হতে বরখাস্তকরণ) করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি ২য় কারণ দর্শনো নোটিশের কোন জবাব দাখিল করেননি সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭ (১০) বিধি এবং পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ কর্মকমিশনকে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে বাংলাদেশ কর্মকমিশন সচিবালয় হতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর৪(৩) উপ-বিধি (১)(ঘ) 'চাকরি হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদানের মতামত প্রেরণ করে;

যেহেতু; আপনার (জনাব রুমন চন্দ্র দেবনাথ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বর্তমানে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতিপ্রাপ্ত এবং সাময়িক বরখাস্ত) বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক 'চাকরি হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের পরামর্শ প্রদান করেছে, সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী চাকরি হইতে বরখাস্তকরণ গুরুদন্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষরিত)


মোঃ আতাউর রহমান খান, এনডিসি
অতিরিক্ত সচিব
ফোন: ০২-২২৩৩৯০৬৮৭
adminwing@moha.gov.bd


তারিখ : ০৬ মাঘ ১৪৩২ / ২০ জানুয়ারি ২০২৬

নং: ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০০২.২৬- ৫৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৭। জনাব রুমন চন্দ্র দেবনাথ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (বর্তমানে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতিপ্রাপ্ত এবং সাময়িক বরখাস্ত), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র (স্থায়ী ঠিকানা: পিতা-স্বপন কুমার দেবনাথ, মাতা- রাশ মনি দেবনাথ, গ্রাম-লক্ষীপুর, ডাকঘর- রাজেন্দ্রপুর, জেলা-গাজীপুর)।
৮। ব্যক্তিগত নথি।

২০/০১/২০২৬


মোঃ শিমুল আকতার
উপসচিব